

সাদ্দাম-ইনানসহ ঢাবিতে হামলায় অংশ নেওয়া ১২৮ জন ছাত্রলীগের তালিকা প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

: মঙ্গলবার, ১৮ মার্চ ২০২৫

গত বছর ১৫ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে আন্দোলনকারীদের ওপর হামলায় জড়িত ঢাবির ১২৮ জন ছাত্রলীগ নেতাকর্মীর তালিকা প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। জুলাই গণঅভ্যুত্থানের সময় হামলাসংক্রান্ত তথ্যানুসন্ধান কমিটির প্রতিবেদনের প্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা যায়।

আজ সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

তথ্যানুসন্ধান কমিটির সহযোগী অধ্যাপক আহ্বায়ক মাহফুজল হক সুপন বলেন, তথ্যানুসন্ধান কমিটির দেওয়া প্রতিবেদনের প্রেক্ষিতে হামলাকারীদের তালিকা আরও বড় হবে। ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে।

ঢাবি প্রক্টর সাইফুদ্দিন আহমদ বলেন, ১২৮ সদস্যের তালিকাটি শুধু হামলাকারীদের প্রথমিক তালিকা। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাইরের শিক্ষার্থী আছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে সেই শিক্ষা প্রতিষ্ঠানকে বলা হবে।

১২৮ সদস্যের তালিকায় রয়েছে ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক ওয়ালি আসিফ ইনান, ঢাবি শাখার সভাপতি মাজহারুল কবির শয়ন।